দৈনিক সংবাদ

তারিখ 20 AUG 1987
পৃষ্ঠা ১২ কলাম ৪

057

ঢাকা বিশ্ববিদ্যালয়

# ছাত্রনেতাদের সাথে বিভিন্ন বিষয় নিয়ে উপাচার্যের আলোচনা

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

ঢাকা বিশ্ববিদ্যালয়ে সন্ত্রাস সৃষ্টিকারীদের চিহ্নিত করার জন্য গঠিত তদন্ত কমিটি দুটো তাদের কাজ প্রায় শেষ করে এনেছে। শিগগিরই রিপোর্ট পেশ এবং তার ভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

কয়েকটি ছাত্র সংগঠনের নেতাদের সাথে এক বৈঠকে উপাচার্য অধ্যাপক এমাজউদ্দিন আহমেদ গতকাল বুধবার এ তথ্য প্রকাশ করেন। সভায় বিশ্ববিদ্যালয় খুলে দেয়া, পরীক্ষা নেয়া, ক্যাম্পাসে পুনরায় সন্ত্রাস সৃষ্টিরোধ ইত্যাদি প্রসঙ্গ নিয়ে আলোচনা হয়। ছাত্রনেতৃবৃন্দ অবিলম্বে বিশ্ববিদ্যালয় খুলে দেয়ার দাবী জানান।